দৈনিক ইত্তেফাক

তারিখ 29 SEP 1991
পৃষ্ঠা ৮ কলাম ৬

জা, নগর বিশ্ববিদ্যালয়ের

কামালউদ্দীন হল

## প্রভোষ্ট ও হাউজটিউটরদের একযোগে পদত্যাগ

জাহাঙ্গীরনগর ভার্সিটি সংবাদদাতা জানান : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আ ফ ম কামাল উদ্দিন হলের প্রভোষ্ট ওয়ার্ডেন ও হাউজ টিউটরগণ একযোগে পদত্যাগপত্র পেশ করিয়াছেন। প্রকাশ, সম্প্রতি হলের 'ক্লিনার' সুন্দর আলী আত্মহত্যা করে। ছাত্ররা অভিযোগ করেন, আত্মহত্যার পূর্বে সুন্দর আলী ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ আলমেছ আলীর মানসিক নির্যাতনের শিকার হন। একটি সূত্র জানায়, প্রেম সম্পর্কিত ঘটনা আত্মহত্যার কারণ। গত বৃহস্পতিবার রাতে আলমেছ আলীর উচ্চ শিক্ষার্থে বিদেশ গমন উপলক্ষে হলে এক সম্বর্ধনা সভা চলাকালে ছাত্ররা সুন্দর আলীর আত্মহত্যার তদন্ত সাপেক্ষে বিচার দাবী করে। এ সময় হলের শিক্ষকরা কার্যতঃ অবরুদ্ধ হইয়া পড়েন। খবর পাইয়া ভিসি, ভারপ্রাপ্ত ভিপি, জি,এস ঘটনাস্থলে আসিয়া সুষ্ঠু তদন্তের আশ্বাস দিলে অবরোধ তুলিয়া নেয়া হয়। গতকাল (শনিবার) ভিসি তদন্তের রূপরেখা প্রণয়নে ব্যর্থ হইলে হলের 'প্রভোষ্ট' ওয়ার্ডেন ও হাউজ টিউটরগণ একযোগে পদত্যাগপত্র পেশ করেন। এ রিপোর্ট লেখা পর্যন্ত পদত্যাগপত্র প্রত্যাহারের জন্য আলোচনা চলিতেছিল।